

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী।
www.dss.narsingdisadar.narsingdi.gov.bd

নং ৪১.০১.৬৮৬০.০০০.১৮.০০১.২২-২৫৮

তারিখঃ ০২/০৮/২০২২

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।


সূত্র নং: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২০.৫৮৩, তারিখঃ ২৭-০৭-২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদান বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত প্রতিবন্ধী ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদফতরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামী ১০ আগস্ট, ২০২২ হতে ১০ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অনলাইনে mis.bhata.gov.bd/onlineApplication লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী শনাক্তকরণ পরিচয়পত্র থাকতে হবে।

এমতাবস্থায় আপনার ইউনিয়ন/পৌরসভার স্থায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যাপক প্রচারের মাধ্যমে আগামী ১০ আগস্ট, ২০২২ এর পূর্বে প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কাজ সম্পন্ন করে প্রতিবন্ধী সুবর্ণ কার্ড সংগ্রহপূর্বক অনলাইনে ভাতার আবেদনের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতিব জরুরী।


মুহাম্মদ আশরাফুল ইসলাম খান
উপজেলা সমাজসেবা অফিসার
নরসিংদী সদর, নরসিংদী।
মোবাইলঃ ০১৭১৬-৮৬৭২২২

০১. মেয়র
মাধবদী পৌরসভা

০২. চেয়ারম্যান
..... ইউনিয়ন পরিষদ (সকল)
নরসিংদী সদর, নরসিংদী।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, সামাজিক নিরাপত্তা/প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
০২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
০৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নরসিংদী।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী।
০৬. উপজেলা অফিসার, নরসিংদী সদর, নরসিংদী। (বিষয়টি প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
০৭. অফিস কপি।